

## 💵 তাওহীদ ও তার প্রমাণাদি

বিভাগ/অধ্যায়ঃ আকীদার ব্যাপারে ৫০টি প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

প্রশ্ন-৪৩: কুফর অর্থ কি এবং তা কত প্রকার?

উত্তর: কুফর দু'প্রকার

ক- এমন কুফর যা ইসলাম থেকে বের করে দেয়, ইহা পাঁচ প্রকার:

১: মিথ্যারোপের কুফরি, আল্লাহ বলেন:

﴿ وَمَن ٓ أَظ ٓ لَمُ مِمَّنِ ٱف ٓ تَرَىٰ عَلَى ٱللَّهِ كَذِبًا أَو ٓ كَذَّبَ بِٱل ٓ حَقِّ لَمَّا جَآءَهُ ٓ ٓ ٱلكَّسَ فِي جَهَنَّمَ مَث ٓ وَى وَمَن ٓ الْعَنكبوت: ٦٨ ﴾ [العنكبوت: ٦٨]

অর্থাৎ: যে ব্যক্তি আল্লাহ সম্পর্কে মিথ্যা রচনা করে অথবা তাঁর নিকট হতে আগত সত্যকে অস্বীকার করে তার চেয়ে অধিক যালিম আর কে হতে পারে? জাহান্নামই কি কাফেরদের আবাস নয়? [সূরা আনকাবূত ৬৮] ২: সত্য বলে জানার পরও অহংকার করার কুফরি, আল্লাহ বলেন:

﴿ وَإِنا قُلْانَا لِلاَمَلَّئِكَةِ ٱساَجُدُواْ لِأَدَمَ فَسَجَدُواْ إِلَّا إِبالِيسَ أَبَىٰ وَٱساَتَكَابَرَ وَكَانَ مِنَ ٱلاَكُفِرِينَ ٣٤ ﴾ [البقرة: ٣٤]

অর্থাৎ: এবং যখন আমি ফেরেপ্তাগণকে বলেছিলাম যে, তোমরা আদমকে সিজদা কর তখন ইবলিস ব্যতীত সকলেই সিজদা করেছিল; সে অগ্রাহ্য করল ও অহঙ্কার করল এবং কাফেরদের অন্তর্ভুক্ত হল। [সূরা বাকারা ৩৪] ৩: সন্দেহের কুফরি, আর এটি হচ্ছে খারাপ ধারণা করা। আল্লাহ বলেন:

﴿ وَدَخَلَ جَنَّتَهُ ۚ وَهُوَ ظَالِمِ ۚ لِنَفاسِهِ ۚ قَالَ مَاۤ أَظُنُّ أَن تَبِيدَ هَٰذِهِ ۚ أَبَذًا ٣٥ وَمَاۤ أَظُنُّ ٱلسَّاعَةَ قَاَئِمَةٌ وَلَئِن رُّدِدتُّ إِلَىٰ رَبِّي لَأَجِدَنَّ خَيارًا مِّناهَا مُنقَلَبًا ٣٦ قَالَ لَهُ ۚ صَاحِبُهُ ۚ وَهُوَ يُحَاوِرُهُ ۚ أَكَفَرا ٓ تَا بِٱلَّذِي خَلَقَكَ مِن تُرَابٍ ثُمَّ مِن نُطافَةَ ثُمَّ سَوَّلُكَ رَجُلًا ٣٧ ﴾ [الكهف: ٣٥، ٣٧]

অর্থাৎ: এ ভাবে নিজের প্রতি যুলুম করে সে তার উদ্যানে প্রবেশ করল। সে বলল: আমি মনে করি না যে এটা কখনো ধ্বংস হয়ে যাবে। এবং এটাও মনে করি না যে, কিয়ামত হবে, আর আমি যদি আমার প্রতিপালকের নিকট প্রত্যাবৃত্ত হই তবে অবশ্যই আমি ইহা অপেক্ষা উৎকৃষ্ট স্থান পাব। তদুত্তরে তার বন্ধু তাকে বলল: তুমি কি



তাকে অস্বীকার করছ? যিনি তোমাকে সৃষ্টি করেছেন মৃত্তিকা ও পরে শুক্র হতে এবং তারপর পূর্ণাঙ্গ করেছেন মানুষ্য আকৃতিতে? [সূরা কাহফ ৩৫-৩৭]

৪: প্রত্যাখ্যান করার কুফরি, এর দলীল হিসেবে আল্লাহ বলেন:

অর্থাৎ: আর যারা কাফের তাদেরকে যা থেকে সতর্ক করা হয়েছে তারা তা থেকে মুখ ফিরিয়ে নেয়। [সূরা আহকাফ ৩]

৫: নেফাকী কুফরি, এর দলীল হিসেবে আল্লাহ বলেন:

অর্থাৎ: এটা এ জন্যে যে, তারা ঈমান আনার পর কুফরি করেছে ফলে তাদের অন্তরে মোহর মেরে দেওয়া হয়েছে, পরিণামে তারা বোধশক্তি হারিয়ে ফেলেছে। [সূরা মুনাফিকূন ৩]

খ- ছোট কুফরি, এর দারা ইসলাম থেকে বের হবে না। আর এটি হচ্ছে নেয়ামতের অস্বীকার বা কুফরি। এর দলীল হিসেবে আল্লাহ বলেন:

অর্থাৎ: আল্লাহ দৃষ্টান্ত দিয়েছেন এক জনপদের; যা ছিল নিরাপদ ও নিশ্চিত, যেখানে সর্বদিক থেকে প্রচুর জীবনোপকরণ আসতো; অতঃপর তারা আল্লাহর অনুগ্রহ অস্বীকার করল ফলে তারা যা করত তজ্জন্যে তাদেরকে আল্লাহ ক্ষুধা ও ভীতির আচ্ছাদনের স্বাদ গ্রহন করালেন। [সূরা নাহল ১১২]

তিনি আরও বলেন:

অর্থাৎ: নিশ্চয়ই মানুষ অতি মাত্রায় যালিম অকৃতজ্ঞ। [সুরা ইব্রাহীম ৩৪]



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন